

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৬. আখিরাতের প্রতি ঈমান

আখিরাত বা পরকালের ব্যাপারে বিশ্বাস রাখাও ঈমানের অংশ। এ সম্পর্কে আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন, قَاتِلُوا الَّذِينَ لَا يُوْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ

'তোমরা তাদের সাথে যুদ্ধ কর, যারা আল্লাহ ও পরকালকে বিশ্বাস করে না।"[১]

হুলাইমী[২] বলেন, অবশ্যই একদিন এই দুনিয়া শেষ হয়ে যাবে। একদিন একদিন করে মূলত পৃথিবী সেই দিনটির দিকে এগিয়ে যাচ্ছে যা হঠাৎ করে এসে হাজির হবে। সেই দিনটিকে পাশ কাটানোর কোনো উপায়ই নেই। সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমে আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, নবী করীম (সা.) বলেছেন- যার হাতে মুহাম্মাদের প্রাণ তার শপথ! কিয়ামত অবশ্যই সংঘটিত হবে। দোকানদার ও খরিদ্ধার কাপড় দর দাম করে মূল্য পরিশোধের আগেই তা সংঘটিত হয়ে যাবে। '[৩]

ফুটনোট

- [১]. সূরা আত তাওবা, আয়াত : ২৯।
- [২]. পুরো নাম আল হসাইন ইবনু আল হাসান হুলাইমী (হি-৩৩৮-৪০৩)। শাফিঈ মাযহাবের অনুসারী। ইমাম বাইহাকীর শিক্ষক। তার অন্যতম গবেষণা হচ্ছে 'আল মিনহাজ ফী শুআবুল ঈমান'। ইমাম বাইহাকী এই গ্রন্থটির অনুকরণেই শুআবুল ঈমান' গ্রন্থটি রচনা করেন। টীকা- ইমাম কাযভিনী।
- [৩]. সহীহ্ আল বুখারী, সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12304

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন